আচরণ বিধি

VESUVIUS

মূখ্য কার্য নির্বাহকের বার্তা

এই আচরণ বিধিতে জোর দেওয়া হয়, আমাদের নীতি এবং আদেশ অনুযায়ী কাজ করতে।

প্রিয় সহকর্মীরা

ভিসুভিয়াসের আচরণ বিধিতে, ভিসুভিয়াসের মূল্যবোধ ও মান অনুযায়ী সবার কাছ থেকে কি ধরণের আচরণ আশা করা হয়, তার ব্যাখ্যা রয়েছে। এর কোনও ব্যতিক্রম হবে না। এটি তাদের জন্য যারা ভিসুভিয়াসের বিশ্বব্যাপী কাজকর্মের সঙ্গে যুক্ত।

এই আচরণ বিধি জোর দিয়ে, আমাদের নীতি এবং আইন মেনে কাজ করতে বলা হয়েছে, যা কিনা আমাদের ব্যবসা চালানোর জন্য, আইনগত এবং নৈতিক আচরণের দিক থেকে সাধারণত প্রয়োজন হয়। ভিসুভিয়াসে কাজ করা প্রতিটি ব্যক্তিই, ব্যক্তিগত ভাবে তাদের নিজেদের করা কাজের জন্য দায়ী থাকবেন। দীর্ঘস্থায়ী ব্যবসায়িক সাফল্যকে শুধুমাত্র আমাদের আর্থিক কর্ম ক্ষমতা দিয়ে মাপলেই হবে না, এ ক্ষেত্রে আমাদের নজর দিতে হবে কি ভাবে আমরা আমাদের ক্রেতা, ব্যবসায় সহযোগী, কর্মচারী, বিনিয়োগকারী এবং স্থানীয় কমিউনিটির সাথে কাজ করছি।

আমাদের ব্যবসা সব সময় এমন ভাবে চালানো উচিৎ, যা কিনা বিধির মূল তত্ত্বগুলিকে মেনে চলবে। অনেক ক্ষেত্রেই সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে এগুলির ব্যবহার প্রয়োজন হবে, আর যদি বিধির মানে বা লক্ষ্য বুঝতে না পারেন, তাহলে আপনার সুপারভাইজার বা গ্রুপের অন্য কর্তৃপক্ষের সঙ্গে আপনাকে আলোচনা করতে হবে। বিধিতে উল্লেখিত কোনও নিয়ম বাস্তবায়িত করতে গিয়ে কোনও সমস্যার সম্মুখীন হলে আপনি ম্যানেজমেন্টকে সে বিষয়ে জানাতে কোন রকম দ্বিধা করবেন না। কোন নির্দিষ্ট ঘটনার ক্ষেত্রে আপনাকে কি করতে হবে যদি সে ব্যাপারে নিশ্চিত না হন বা যদি আপনার মনে হয় বিধি ভঙ্গ হচ্ছে তখন সে ব্যাপারে বলার দায়িত্ব আপনার রয়েছে। সৎ উদ্দেশ্যে উদ্বেগ প্রকাশের জন্য আপনাকে কোনও রকম শাস্তি বা ক্ষতির মুখে পড়তে হবে না। যারা অন্যায়ের প্রতিবাদ করবে তাদেরই বিরুদ্ধে কেউ যদি প্রতিশোধ নিতে চায় তাহলে তা কোনও ভাবেই বরদাস্ত করা যাবে না।

এই কাজ গুলি কি ভাবে করতে হবে, তা বিধিতে বিস্তারিত ভাবে ব্যাখ্যা করা রয়েছে, এবং ২৪ ঘন্টা কনফিডেনশিয়াল এমপ্লয়ী কনসার্ন হেল্পলাইন ও ওয়েববেসড রিপোর্টিং ফেসিলিটির উল্লেখ রয়েছে। আজকের কমার্শিয়াল জগতে নৈতিকতা ও খুব ভালো ব্যবহারকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়ে থাকে এবং উচুঁ মানের ব্যবসা পরিচালনার ব্যাপারে ভিসুভিয়াসের যথেষ্ট সুখ্যাতি রয়েছে, এটা তাদের মহামূল্যবান সম্পত্তি। অবশ্যই এই আচরণ বিধিকে প্রাধান্য দিয়ে আমাদের এই ব্যবসা এগিয়ে নিয়ে যেতে হবে।

বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা আমাদের ব্যবসার ক্ষেত্রে কোনও ব্যক্তিবিশেষ বা সকলের সন্মিলিত আচরণে যেন অবশ্যই এটা প্রকাশ পায়, যে ভিসুভিয়াস হল এমন একটি গ্রুপ যাদের কারণে গর্ববোধ করা যায়।

Francois Wanecq (ফ্রানকোয়েস ওয়ানেক)

আমাদের মূল্যবোধ

ভিসুভিয়াসের এর পাঁচটি কর্পোরেট মূল্যবোধ আমাদের প্রত্যেকদিন কর্মক্ষেত্রে মেনে চলা অপরিহার্য। যাতে সবার আচরণ একই হয়, এটি গ্রুপের সাধারণ সংস্কৃতির অঙ্গ, যা বাইরের স্টেকহোল্ডারদের সামনে গ্রুপের স্বচ্ছ ভাবমূর্তি তুলে ধরবে এবং আমরা আমাদের ক্রেতাদের কাছে যে বানিজ্যিক প্রতিশ্রুতি দিয়েছি সে গুলোকে সঠিক প্রমাণ করবে।

আমাদের মূল্যবোধ গুলো হলঃ

সৃজনশীলতাঃ আমাদের প্রতিযোগিতামুলক সুবিধা ভিত্তি হল, প্রযুক্তি এবং গুণগত মানের প্রতি আমাদের দায়বদ্ধতা। সৃজনশীল তার সাহায্যে আমরা সমস্যা সমাধানের নতুন নতুন পথ এবং উন্নয়নের ধারাকে আরও উন্নীত করতে পারব, ফলে কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আয় বাড়বে।

সহযোগীতাঃ অভ্যন্তরীণ এবং বাহ্যিক উৎসাহ দেওয়া এমন একটি আচরণ যা আমাদের অংশীদারদের সাথে সমস্যার অনন্য সমাধান করে দিতে আমাদের সক্ষম করে তোলে। ভিসুভিয়াসের প্রতিটি কর্মচারী তাদের সহকর্মী ও ক্রেতাদের কাছে সহযোগীতার মাধ্যমে তাদের সাফল্য নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

বিশ্বাসযোগ্যতাঃ আমরা যে সমাধানগুলি দিই সেই কারণে আমাদের ক্রেতাদের উৎপাদন পদ্ধতির সমালোচনার মুখেও পড়তে হয়। তাদের কে আমরা ধারাবাহিকভাবে পণ্য ও পরিষেবা প্রদানের যে প্রতিশ্রুতি দিয়েছি তা আমাদের প্রতি তাদের আত্মবিশ্বাসকে অন্য উচ্চতায় নিয়ে গেছে।

সততাঃ আমাদের করা অঙ্গীকারগুলির প্রধান ভিত্তি হল, ভিসুভিয়াসের প্রতিটি কর্মচারীর কাজ এবং কথার বিশ্বাসযোগ্যতার উপর। ঐক্য, সততা এবং স্বচ্ছতা আমাদের সব সময় অপরিহার্য।

প্রাচুর্যময় বৈচিত্র্যঃ ভিসুভিয়াস হল একটি বিশ্বব্যাপী কোম্পানি, যার ভিত্তি তৈরী হয়েছে স্থানীয় নিয়ম-কানুন এবং অভিজ্ঞতার উপর। আমরা সৃজনশীলতাকে খুঁজে বার করি আর সেটাকে সাগ্রহে গ্রহণ করি, যা কিনা এক জায়গায় থাকা ভিন্ন ভিন্ন সংস্কৃতির থেকে পাওয়া যায়।

৮ টি আচরণ বিধি

আমাদের আচরণবিধিতে ৮টি প্রধান অংশ রয়েছেঃ

১. স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ

২. ব্যবসা, ক্রেতা, পণ্য সামগ্রী এবং পরিষেবা

৩. ঘুষ না নেওয়া ও দূর্নীতি দমন

৪. কর্মচারী এবং মানবাধিকার

৫. প্রকাশ এবং বিনিয়োগকারীরা

৬. সরকার, সমাজ এবং স্থানীয় বাসিন্দারা

৭. স্বার্থের সংঘাত

৮. প্রতিদ্বন্দ্বিরা

০১ স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ

স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ এই বিষয়গুলি দায়িত্বপ্রাপ্ত ম্যানেজমেন্টের উপর রয়েছে। আমরা আমাদের কর্মচারী, ক্রেতা, সরবরাহকারী, ঠিকাদার, দর্শক এবং সাধারণ মানুষ যারা আমাদের কাজের দ্বারা প্রভাবিত হন, তাদের স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করব। আমাদের কাজের সময়, স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশ নিয়ে মানুষের যে চিন্তা থাকে সেগুলোর অবশ্যই সুরাহা করা হবে।

আমরা :

- আমাদের প্রতিটি কর্মচারীর জন্য, স্বাস্থ্যকর, নিরাপদ ও সুরক্ষিত কাজের পরিবেশের ব্যবস্থা করব।
- যথেষ্ট পরিমাণে মানুষ ও বস্তুগত সম্পদ আর প্রশিক্ষণ দেব আমাদের স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশের প্রতি কর্তব্য পালনের ক্ষেত্রে।
- নতুন পণ্য সামগ্রীগুলি পরিবেশের উপর কেমন প্রভাব ফেলছে তা দেখে নিয়ে, উন্নয়ন স্তরেই, সেই সমস্যাগুলির সমাধান করব।
- যে সব পদার্থগুলি পরিবেশে মুক্তি পেলে মানুষের শরীর এবং পরিবেশের ক্ষতি করতে পারে, সেগুলির পরিমাণকে সাধ্যমত কমিয়ে আনা বা নির্মূল করা।
- উপকরণ, জ্বালানি ও অন্যান্য সম্পদের সঠিক ব্যবহারের দ্বারা বর্জ্যপদার্থ কমিয়ে আনা, এবং পুনঃব্যবহারের সুযোগকে আরো বাড়াতে হবে।
- এমন একটি কাজের পরিবেশ তৈরী করতে হবে, যেখানে মাদক দ্রব্য গ্রহণ এবং মদ খাওয়া জাতীয় বিপদগুলিই থাকবে না।

+ আরো কিছু তথ্য

এই নীতি গুলিই ভিসুভিয়াস তাদের স্বাস্থ্য, সুরক্ষা এবং পরিবেশের ক্ষেত্রে মেনে চলে, এবং এগুলি মেনেই ভিসুভিয়াসের প্রতিটি কর্মচারীকে কাজ করতে হবে।

০২ ব্যবসা, ক্রেতা, পণ্য সামগ্রী এবং পরিষেবা

আমাদের লক্ষ্যপুরণের জন্য, দীর্ঘমেয়াদী ইতিবাচক গ্রাহক সম্পর্ক খুবই গুরূত্বপূর্ণ। বর্তমান ও সম্ভাব্য ক্রেতা, এজেন্ট, ডিস্ট্রিবিউটর, সাপ্লার্য়াস এবং ব্যবসার সাহায্যকারী অন্যদের সঙ্গে ব্যবসা করার সময় অক্ষুণ্ণ খ্যাতি ধরে রাখতে সততা বজায় রাখতে হবে, প্রত্যেকের সঙ্গে পারস্পরিক সম্মান ও আস্থার ভিত্তিতে, নিরপেক্ষ ভাবে সম্পর্ক নিরবিচ্ছিন্ন ভাবে বজায় রাখতে হবে।

আমরাঃ

- উচ্চমানের পণ্যসামগ্রী দেবার ধারাবাহিকতা বজায় রাখব, যা কিনা বিশ্বাসযোগ্য, সুরক্ষিত এবং ক্রেতাদের প্রয়োজন মেটাবে।
- আমরা উচ্চমানের বিশ্বাসযোগ্য বিক্রয় পরবর্তি পরিষেবা প্রদান করব।
- ভিসুভিয়াসের সম্পর্কে পরিষ্কার, সংক্ষিপ্ত এবং প্রয়োজনীয় তথ্য দেব এবং আমাদের পণ্য সামগ্রী বা পরিষেবা প্রদান নিয়ে কোনও রকম মিথ্যা বা বিভ্রান্তিকর মন্তব্য করা থেকে বিরত থাকব।
- সবকটি ব্যবসায়িক লেনদেনই সাধ্যের মধ্যে থেকে করা হবে, এবং স্বার্থের সংঘাত, পুরষ্কার ও ঘুষের ব্যাপারে গ্রুপের নীতিগুলির প্রতি আনুগত্য দেখাতে হবে।
- অন্যদের গোপন তথ্যগুলিকে সুরক্ষিত করতে হবে, এবং সেগুলোকে শুধু নির্দিষ্ট কাজের ক্ষেত্রেই ব্যবহার করতে হবে। সেগুলোকে কোনও রকম ব্যক্তিগত স্বার্থ বা কোনও রকম অসৎ উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

০৩ ঘুষ না নেওয়া ও দুর্নীতি দমন

আমাদের ব্যবসা পরিচালনার ক্ষেত্রে আমরা কোনও রকম দুর্নীতি বরদাস্ত করব না।

এই কাজের জন্য আমরা :

- কোনও কর্মচারী বা কোনও ব্যক্তি, যিনি নিজেকে ভিসুভিয়াসের প্রতিনিধি হিসেবে, যেমন এজেন্ট, সাপ্লায়ার্স, জয়েন্ট-ভেঞ্চার পার্টনার বা অন্য কেউ হিসেবে উল্লেখ করছেন প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কোনও সরবরাহকারীকে কোনও মূল্যবান জিনিস বা টাকা দেওয়ার কথা বলছেন ঘুষ হিসেবে বা অসাধু ব্যবসায়িক সুবিধা লাভের জন্য প্রলুব্ধ করে থাকেন, তাহলে তা বরদাস্ত করা হবে না।
- আমরা সহায়তা প্রদান করব না, যদি আমাদের বা অন্যের ব্যক্তিগত সুরক্ষা ঝুঁকি মধ্যে পড়ে।
- বিনোদনে আমাদের অংশ গ্রহণ এবং আতিথেয়তার ব্যাপ্তিকে সবসময় আমাদের সাধারণ ব্যবসায়িক ক্রিয়াকলাপ হিসেবে ধরতে হবে, সমস্ত পরিস্থিতির উপর নজর রাখতে হবে আর তার দায়ভার নিতে হবে। সামঞ্জস্যপূর্ণ এবং নিখুঁত হতে হবে এবং দুর্নীতির গন্ধ পেলেই, সেটাকে আর বাড়তে দেওয়া যাবে না।

+ আরো কিছু তথ্য

ঘুষ না নেওয়া ও দুর্নীতি দমন ক্ষেত্রে এই নীতি গুলিই মেনে চলা হয় এবং এর সাথে সম্পর্কিত গ্রুপগুলি এটা মেনে চলে।

০৪ কর্মচারী এবং মানবাধিকার

কর্মচারীদের সরল বিশ্বাসে এবং অন্য মানুষটির প্রতি যথাযথ শ্রদ্ধাশীল হয়ে, তার সঙ্গে কাজ করা উচিৎ। ভিসুভিয়াস যে দেশেই ব্যবসা করুক না কেন তারা আন্তর্জাতিক মানবাধিকার আইনকে মেনে চলে এবং তারা শিশুশ্রম বা ইচ্ছার বিরুদ্ধে কাজ করানোর সম্পূর্ণ বিরোধী।

আমরা ঃ

- আমাদের কর্মচারীদের কথা মন দিয়ে শুনব এবং তাদেরকে আমাদের উপাদান বৃদ্ধির ক্ষেত্রে, কাজের উন্নতির ক্ষেত্রে এবং চাকরীর শর্তাবলী উন্নত করার সঙ্গে যুক্ত করা হবে।
- নিশ্চিত করতে হবে নিয়োগ, প্রশিক্ষণ, পদোন্নতি, পেশার উন্নতি, ছাঁটাই এবং কর্মচারী সংক্রান্ত যে কোনও প্রক্রিয়াই যেন স্বচ্ছ, এবং প্রত্যেকের ব্যক্তিগত ক্ষমতা, অবদান, অভিজ্ঞতার উপর ভিত্তি করেই হওয়া উচিৎ। তার জাতি, বর্ণ, নাগরিকতা, সংস্কৃতি বিশেষ সম্প্রদায়ের জন্ম গ্রহণ, ধর্ম, লিঙ্গ, বয়স, অক্ষমতা বা অন্য কোনও কারণের ওপর ভিত্তি করে নয়, যার সাথে কাজের কোনও সম্পর্ক নেই এবং এটি প্রযোজ্য আইন দ্বারা নিষিদ্ধ করা হয়েছে।
- কোনও রকম বৈষম্য বা হয়রানি সহ্য করা হবে না।
- এমন একটি কাজের পরিবেশ প্রদান করব যার ফলে আমাদের কর্মচারীরা শারীরিক বা মানসিক দিক থেকে চাপে থাকবে না।
- কর্মচারীদের তাদের দক্ষতা ও অভিজ্ঞতা এবং ব্যবসায়িক সাফল্যের সঙ্গে সঙ্গতি রেখেই তাদেরকে পারিশ্রমিক দেব।
- আমাদের কর্মচারীদের গুরুত্বপূর্ণ উন্নয়ন যা তাদের উপর প্রভাব ফেলবে, তার পাশাপাশি গ্রুপের কল্পনা, লক্ষ্য ও পরিকল্পনার ব্যাপারে জানাব।
- আমাদের কর্মচারীদের সঙ্গে খোলামেলা, ও সসম্মানের সঙ্গে ব্যবহার করব।
- কাজ সংক্রান্ত যে কোনও সমস্যা, কার্যকর পদ্ধতির মধ্যে দিয়ে সমাধান করব।
- কর্মচারীদের নথি গোপন রাখব এবং শুধুমাত্র বৈধ ব্যবসার ক্ষেত্রে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং প্রকাশ করব।

+ আরো কিছু তথ্য

কর্মচারী এবং মানবাধিকারের ক্ষেত্রে আমরা এই নীতিগুলিই মেনে চলি।

০৫ প্রকাশ এবং বিনিয়োগকারীরা

ভিসুভিয়াসের মালিক হলেন এর শেয়ার হোল্ডাররা। আমরা আমাদের ব্যবসাকে দায়িত্বপূর্ণ ভাবে চালাব, যাতে করে আমরা একটা টেঁকসই এবং লাভজনক উন্নতির মাধ্যমে শেয়ার হোল্ডারদের এর মূল্য দিতে পারি। গ্রুপের সম্পত্তি সংরক্ষণ ও রক্ষা করার জন্য বিশেষ যত্ন নেওয়া হয়, সম্পদের বিচক্ষণ এবং কার্যকর ব্যবহারের মাধ্যমে।

আমরা :

- আমরা সমস্ত নথিপত্র যার মধ্যে সঠিক ও সৎভাবে ব্যবসায়িক লেনদেন ও ব্যবসায়িক অর্থনৈতিক অবস্থান উল্লেখ আছে তা যত্ন করে রাখব, একটি বলিষ্ঠ পরিকাঠামোর মাধ্যমে।

- বিনিয়োগকারীদের কাছে নিয়মিত ও ঠিক সময়ে, সঠিক অর্থনৈতিক তথ্য এবং সহজেই বুঝতে পারা যায়, গ্রুপের এমন সুষম মূল্যায়ন অবস্থান বিষয়ে পাঠানো হবে।

- কর্পোরেট আচরণ সবসময় যথাযথ ভাবে পালন করব।

- গ্রুপ পরিচালনা পদ্ধতি বা গ্রুপের ব্যবসার ব্যাপারে বিনিয়োগকারীদের প্রশ্নের সঠিক উত্তর দেব।

- সমস্ত বিনিয়োগকারীর সাথে নিয়মিত এবং সৎ আচরণ করব, এবং বিশেষ কোনও বিনিয়োগকারী বা একদল বিনিয়োগকারীকে পাইয়ে দেওয়া থেকে বিরত থাকব।

- আমাদের দায়িত্ব পালনে এবং আমাদের পরামর্শদাতা ও হিসাব পরীক্ষকদের সাথে যোগাযোগ রক্ষার ক্ষেত্রে এমনকি বিনিয়োগকারীদের সাথেও যোগাযোগ রক্ষার ক্ষেত্রে অকপট, সৎ ও পেশাদার হব।

- যতক্ষণ পর্যন্ত না ঘোষনা হচ্ছে ততক্ষণ পর্যন্ত ভিতরের খবর গোপন রাখব এবং ভিসুভিয়াসের শেয়ার বেচাকেনা বা অন্যদের এই একই উদ্দেশ্যে ব্যবহার করতে দেওয়ার থেকে বিরত থাকব।

+ আরো কিছু তথ্য

কোম্পানি পরিচালনার নিয়ম কানুন, আর্থিক বিবরন নীতি এবং কোম্পনির সুরক্ষা ব্যবস্থার সাথে লেনদেন করার নীতি ও ভিতরের তথ্যের ক্ষেত্রে আমরা এই নীতিগুলি মেনে চলি।

০৬ সরকার, সমাজ এবং স্থানীয় বাসিন্দারা

আমরা নিষ্ঠাবান কর্পোরেট নাগরিক হতে চাই, যেখানে আমরা ব্যবসা চালাই। আমরা সমস্তরকম জাতীয় এবং স্থানীয় আইন, অর্ডিন্যান্স এবং রেগুলেশান মেনে চলব, যার মধ্যে কিনা রাজনৈতিক কার্যক্রম এবং কর পরিশোধের ব্যাপার ও রয়েছে।

আমরা :

- আমরা স্থানীয় সংস্কৃতির ব্যাপারে খোঁজ নেব, গ্রুপের ভেতরে অভিজ্ঞতা ভাগ করে নেওয়াকে প্রাধাণ্য দেব, এবং স্থানীয় লোকেদের সাথে লেনদেন করার সময় আমরা সহানুভূতির সহিত সংবেদনশীল থাকব।
- আঞ্চলিক এবং স্থানীয় স্পর্শকাতর বিষয়, রেওয়াজ ও পরম্পরাকে সম্মান জানাব।
- আমাদের সমস্ত রকমের প্রকাশ্য কার্যকলাপের সাথে যুক্ত হতে হবে, স্থানীয় আইন এবং নিয়মকানুনের সাথে মানিয়ে নিতে হবে যাতে করে এই বিধিতে উল্লেখিত ঘুষ না খাওয়া এবং দূর্নীতি দমন করা যায়।

+ আরো কিছু তথ্য

আমাদের মানবাধিকার নীতিগুলি এগুলি মেনে চলে।

০৭. স্বার্থের সংঘাত

কর্মচারী, অফিসার্স এবং ডিরেক্টরদের কাজ হল, গ্রুপের যাতে ভালো হয় সেই বিষয়ে কাজ করা, তারা যেন নিজেদের স্বার্থে বা অন্যদের স্বার্থে বা গ্রুপের স্বার্থের বিরুদ্ধে তাদের ক্ষমতার অপব্যবহার না করে। ব্যক্তিগত স্বার্থ, যদি সামনে চলে আসে, যা কিনা গ্রুপের স্বার্থকে ক্ষুণ্ণ করে কিংবা আমাদের কাজের উপর প্রভাব ফেলে, তা থেকে আমাদের দূরে থাকা উচিৎ। স্বার্থের সংঘাত এড়িয়ে চলা সব সময় সম্ভব হয় না, তাই যেখানে একজন কর্মচারীর স্বার্থ রয়েছে, বা কিংবা তার পরিবার বা তার খুব কাছের কেউ, যাদের সাথে গ্রুপের সংঘাত হচ্ছে বা মারাত্মক একটা বিপদ দেখা দিচ্ছে স্বার্থের সংঘাত হবার, তখন কর্মচারীকে অবশ্যই সেই স্বার্থের কথা জানাতে হবে বা সম্ভাব্য সংঘাতের কথা তৎক্ষণাৎ তার সুপারভাইজার জানাতে হবে।

কর্মচারীরা কখনই :

- প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে ব্যবসা, অর্থনৈতিক বা অন্য কোনও কিছুর সাথে, গ্রুপের হয়ে বাইরের লোকের সঙ্গে কাজ করা, যারা ব্যবসা করতে পারে, বা কোনও রকম প্রতিযোগিতায় আছে, তাতে যোগদান করতে পারবে না, গ্রুপের কাছে থেকে এই ধরণের বিষয়ের ব্যাপারে যথাযোগ্য সম্মতি ছাড়া।

- ম্যানেজমেন্টের কাছ থেকে যথাযোগ্য সম্মতি ছাড়া, গ্রুপকে দায়িত্ব দেওয়া যাবে না এমন কোনও ঘটনা বা এর সাথে সম্পর্কিত কোনও কাজে, যেখানে ব্যাক্তিগত স্বার্থ রয়েছে।

- গ্রুপ বা তার ব্যবসায়ীক সহযোগীদের কোনও গোপন তথ্য ব্যবহার করা কিংবা কোথাও প্রকাশ যাবে না।

- প্রতিযোগিতা করা বা অন্যদের গ্রুপের সঙ্গে প্রতিযোগিতা করতে সাহায্য করা যাবে না।

- এমন কোনও বানিজ্যিক প্রতিষ্ঠানের সংগঠনে থাকা যাবে না যেটা গ্রুপ ম্যানেজমেন্ট দ্বারা অনুমোদিত নয় বা যার সঙ্গে গ্রুপের স্বার্থের সংঘাত রয়েছে।

- কোনও ব্যবসায়ীক সহযোগী বা প্রতিদ্বন্দির থেকে ব্যক্তিগত স্বার্থে টাকা চাওয়া বা টাকা নেওয়া যাবে না।

- কোনও ব্যবসায়ীক সহযোগীর বা প্রতিদ্বন্দির থেকে কোনও রকম আর্থিক সাহায্য, পরিষেবা বা অন্য কোনও কিছু গ্রহণ করা যাবে না, যা কিনা অসৎভাবে তাদের স্বাধীনতা বা পেশাদারিত্বকে প্রভাবিত করে।

০৮. প্রতিদ্বন্দ্বিরাঃ

আমরা নিজেদের শক্তি দিয়ে প্রতিদ্বন্দিতা করব, কিন্তু সত্যি বলতে, আমারা কোনও রকম অসৎ উপায় অবলম্বন করব না প্রতিযোগিতামূলক সুবিধা নেওয়ার জন্য।

আমরা ঃ

- আমরা কখনই বানিজ্যিকভাবে সংবেদনশীল তথ্য আদান প্রদান করব না অন্য প্রতিদ্বন্দিদের সাথে। (যার মধ্যে দাম, সামর্থ্য, উপাদান, ব্যবসা, সংখ্যা, মার্কেট শেয়ারস, কমার্শিয়াল স্ট্র্যাটেজি বা মূল্য রয়েছে)
- অসৎ উপায়ে অন্য প্রতিদ্বন্দি সম্পর্কে তথ্য জানার থেকে আমরা বিরত থাকব।
- কখনই এরকম কোনও অশুভ আতাঁতের সাথে হাত মেলাব না যারা বাজারে অচলাবস্থার সৃষ্টি করতে চাইবে।
- আমরা অন্যায্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করে, আমাদের প্রতিদ্বন্দি কোম্পানি বা তার পণ্য সম্পর্কে মিথ্যা এবং বিভ্রান্তিকর মন্তব্য করব না।

+ আরো কিছু তথ্য

আমরা আমাদের প্রতিযোগীতা এবং প্রতিদ্বন্দিদের ক্ষেত্রে এই নীতিগুলি মেনে চলি।

প্রতিবাদ করুন

এই বিধিতে উল্লেখিত কোনও সিদ্ধান্ত, আইন বা কোনও কাজের ফলে কোনও রকম দ্বন্দ সৃষ্টি হলে, সেই বিষয়ে কর্মচারীরা, সরাসরি ম্যানেজমেন্টকে জানাবেন। যে কোনও রকম সমস্যার কথা জানান আপনার সুপারভাইজারকে, আপনার দেশের সিনিয়র ম্যানেজার বা লিগাল ডিপার্টমেন্টের কোনও সদস্যকে। যে ব্যক্তি উদ্বেগ প্রকাশ করবেন, তার পরিচয় সব সময় গোপন রাখা থাকবে।

এছাড়াও কোম্পানি একটি স্বাধীন, গোপন, ২৪ঘন্টা এমপ্লয়ী কনসার্ন হেল্পলাইন ও ওয়েববেসড রিপোর্টিং ফেসিলিটি প্রদান করছে, যেখানে কর্মচারীরা যে কোনও রকম উদ্বেগের কথা জানাতে পারেন।

সরল বিশ্বাসে করা কোনও উদ্বেগের জন্য, কোনও কর্মচারীকে কোনও রকম শাস্তি বা অসুবিধার সম্মুখীন হতে হবে না। কিন্তু কার বিরুদ্ধে প্রতিশোধ নিতে চাইলে তা মোটেও বরদাস্ত করা হবে না।

এটির কার্যকারিতা নিশ্চিত করতে হবে

আমাদের ব্যবসা সব সময় এমনভাবে চালানো উচিৎ, যা কিনা বিধির মূল তত্ত্বগুলিকে মেনে চলবে। অনেক ক্ষেত্রেই সিদ্ধান্ত গ্রহণ করার সময় এগুলির ব্যবহার প্রয়োজন হবে, আর যদি বিধির মানে বা লক্ষ্য বুঝতে না পারেন, তাহলে আপনার সুপারভাইজার বা অন্য গ্রুপ কর্তৃপক্ষের সঙ্গে, আপনাকে আলোচনা করতে হবে।

এই বিধি মেনে না চলার পরিণতি খুবই মারাত্নক হতে পারে ভিসুভিয়াস এবং তার প্রতিটি কর্মচারীর জন্য। এর ফলে জরিমানা, শাস্তি, সম্মানহানি এমনকি অপরাধমূলক কাজের দায়ও বর্তাতে পারে আপনার ওপর। এই বিধি ভাঙ্গার জন্য যদি কাউকে সন্দেহ বা চিহ্নিত করা যায়, তাহলে একটি যথাযথ তদন্ত শুরু করা হবে। যেখানে প্রয়োজনীয় ও উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে, যার মধ্যে শাস্তিমূলক ব্যবস্থা, এমনকি দরকার পড়লে দোষী ব্যক্তিকে বরখাস্তও করা হতে পারে।

এই বিধিটির নিয়মিত পর্যালোচনা করা হবে। এটা কি ভাবে অনুসরণ করা হচ্ছে, আমরা তার উপরও নজর রাখব। এই বিধির ব্যাপারে যে কোনও রকম বক্তব্য, গ্রুপ জেনারেল কাউন্সিলকে উদ্দেশ্য করে বলা উচিৎ।

কোথা থেকে আমি আরও তথ্য পেতে পারি ?

আরও তথ্য পেতে, যার মধ্যে সাপোর্টিং পলিসির কপি রয়েছে, তাহলে সরাসরি ভিসুভিয়াসের সাইটে চলে যান অথবা আইনী দপ্তরের স্থানীয় সদস্যের সাথে যোগাযোগ করুন। বিধির আরও বিস্তারিত তথ্য আপনি পাবেন, www.vesuvius.com-এ।



VESUVIUS

Vesuvius plc
165 Fleet Street
London EC4A 2AE

T +44 (0)20 7822 0000
www.vesuvius.com

2016